এবার   অবগুণ্ঠন খোলো ।
গহন মেঘমায়ায়   বিজন বনছায়ায়
তোমার   আলসে অবলুণ্ঠন সারা হল ॥
    শিউলিসুরভি রাতে   বিকশিত জ্যোৎস্নাতে
    মৃদু মর্মরগানে   তব   মর্মের বাণী বোলো ॥
বিষাদ-অশ্রুজলে   মিলুক শরমহাসি—
মালতীবিতানতলে   বাজুক বঁধুর বাঁশি ।
    শিশিরসিক্ত বায়ে   বিজড়িত আলোছায়ে
    বিরহ-মিলনে-গাঁথা   নব   প্রণয়দোলায় দোলো ॥

---

Parjaay: Prakriti / Sharat, Taal: Dadra, Raag: Desh-Malhar

Visit www.geetabitan.com for notation and other detail